বায়তুশ শরফ আদর্শ কামিল (অনার্স-মাস্টার্স) মাদ্‌রাসা

নির্বাচনী পরীক্ষা-২০২১

শ্রেণি ঃ দাখিল ১০ম

বিষয় ঃ কুরআন মাজিদ ও তাজভীদ

সময় : ৩০ মিনিট | বহুনির্বাচনী অভীক্ষা | পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর: প্রতিটি প্রশ্নের মান -১]

১। পবিত্র কুরআন নাজিল হয়েছে কত বছর ধরে?
ক) ২০ বছর খ) ২২ বছর খ) ২৩ বছর ঘ) ২৪ বছর

২। فى قلوبهم مرض আয়াতাংশে مرض শব্দটি تركيب এ কী হয়েছে।
ক) مبتداء খ) خبر গ) فاعل ঘ) نائب فاعل

৩। أولئك على هدى من ربهم আয়াতাংশে أولئك দ্বারা কাদের বুঝানো হয়েছে?
ক) মুশরিক খ) মুত্তকী গ) মুনাফিক ঘ) মুলহিদ

৪। لا تفسدوا فى الارض আয়াতাংশটি কাদেরকে উদ্দেশ্য করে বলা হয়েছে?
ক) ইহুদী খ) নাসারা গ) মুনাফিক ঘ) মুশরিক

৫। فزادهم الله مرضا আয়াতাংশে هم কোন প্রকারের ضمير?
ক) مرفوع متصل খ) مرفوع منفصل
গ) منصوب متصل ঘ) منصوب منفصل

৬। পবিত্র কুরআন পূর্ববর্তী কিতাবসমূহের
i) সত্যায়নকারী ii) রহিতকারী iii) সারাংশ
কোনটি সঠিক? ক) i খ) ii গ) i ও ii ঘ) ii ও iii

৭। মাক্কি সুরার বৈশিষ্ট্য হলো-
i) সংক্ষিপ্ত হওয়া ii) ياايها الناس থাকা iii) ياايها الذين امنوا থাকা
কোনটি সঠিক? ক) i ও ii খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮। ইসরাইল কার অপর নাম?
ক) ইউসুফ (আ.) খ) ইয়াকুব (আ.) গ) ইসহাক (আ.) ঘ) ইবরাহিম (আ.)

৯। واذا ابتلى ابراهيم ربه এখানে ربه টি تركيب এ কী হয়েছে?
ক) مرفوع খ) منصوب গ) مجرور ঘ) مجزوم

১০। নেয়ামতের শুকরিয়া আদায় করা কী?
ক) ফরজ খ) ওয়াজিব গ) সুন্নাত ঘ) মুবাহ

নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:
শারীরিক ও আর্থিক পূর্ণ সক্ষমতা থাকা সত্ত্বেও মুশফিকুর রহমান হজ্জ না করে গরিবের মাঝে অর্থ দান করেন এবং বলেন, এই দানের দ্বারা হজ্জের সাওয়াব পাওয়া যাবে।

১১। মুশফিকুর রহমান শরিয়তের কোন হুকুম লঙ্ঘন করেছেন?
ক) فرض খ) واجب গ) سنة ঘ) مستحب

১২। মুশফিকুর রহমানের মন্তব্য নিচের কোন আয়াতের পরিপন্থি?
ক) ان الصفا والمروة من شعائر الله খ) فمن تطوع خيرا فهو خيرله
গ) الحج اشهر معلومات ঘ) ولله على الناس حج البيت

১৩। الصيام এর باب কী?
ক) نصر খ) ضرب গ) سمع ঘ) كرم

নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:
করিমের সাথে তার স্ত্রীর ইদানিং প্রায় ঝগড়া হয়। একদিন স্ত্রী তাকে বলল, তুমি আমাকে তালাক দিয়ে দাও। বিনিময়ে আমি মোহরানার দাবি ছেড়ে দেবো। করিম বলল, সাথে আরও ১০,০০০ টাকা দিতে হবে। তার স্ত্রী বলল, তাতেও আমি রাজি। তবু আমাকে মুক্তি দাও।

১৪। উক্ত পরিস্থিতিতে পতিত তালাকটির নাম কী হবে?
ক) رجعى খ) بائن গ) خلعة ঘ) مغلظة

১৫। তালাকের বিনিময়ে করিমের জন্য মোহরানার অতিরিক্ত দশ হাজার টাকা নেয়া কীরূপ হবে?
ক) مباح খ) حرام গ) مكروه ঘ) خلاف أولى

১৬। মহব্বত কত প্রকার?
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

১৭। ان الله اصطفى ادم আয়াতাংশে ادم শব্দটি তারকিবে কী হয়েছে?
ক) فاعل খ) مفعول গ) مبتدأ ঘ) خبر

১৮। نزل عليك الكتاب আয়াতাংশে الكتاب শব্দের محل اعراب কী?
ক) مرفوع খ) منصوب গ) مجرور ঘ) مجزوم

১৯। কুরআনের কোন ধরণের আয়াতকে ام الكتاب বলা হয়েছে?
ক) ايات محكمات খ) ايات متشابها ت গ) اية الكرسى ঘ) اية الشفاء

২০। হজ্জের ওয়াজিব কয়টি?
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

২১। اتقوا الله حق تقاته এর মমার্থ কী?
ক) আল্লাহকে বেশি বেশি ভয় করতে হবে খ) আল্লাহকে মোটামুটি ভয় করতে হবে।
গ) আল্লাহকে যথাসম্ভব ভয় করতে হবে ঘ) আল্লাহকে সত্যিকারার্থে ভয় করতে হবে

নিচের উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:
হাবিব চৌধুরী পৌর চেয়ারম্যান হবার সুবিধা নিয়ে অনেক সরকারি সম্পদ আত্মসাৎ করেছেন। এখন তিনি তা থেকে ভালো কাজে দান-খয়রাত করেন।

২২। হাবিব চৌধুরীর ইনকাম ইসলামের দৃষ্টিতে কেমন?
ক) গুলুল খ) ব্যবসা গ) খেয়ানত ঘ) চুরি

২৩। চৌধুরী সাহেবের দান শরীয়তের দৃষ্টিতে কেমন
ক) মুবাহ খ) হারাম গ) মাকরুহ ঘ) মুস্তাহাব

২৪। সুদ কয় প্রকার?
ক) ২ প্রকার খ) ৩ প্রকার গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার

২৫। দীন ইসলাম কয়টি বিষয়ের সমন্বিত অংশ?
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

২৬। اطيعوا শব্দের অর্থ কী?
ক) তুমি মনোযোগ দাও খ) তুমি শোন গ) তোমরা অনুসরণ কর ঘ) তুমি অনুসরণ কর।

২৭। قل اطيعوا الله আয়াতাংশে الله শব্দটি তারকিবে কি হয়েছে?
ক) نائب الفاعل খ) مفعول গ) خبر ঘ) مبتدأ

২৮। নুন সাকিনের কায়দা কয়টি?
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

২৯। ইলমে তাজভিদের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় কোনটি?
ক) মাখরাজ ও ছিফাত খ) পোর ও বারিক
গ) ওয়াজিব গুন্নাহ ঘ) নুন সাকিন ও তানভীন

৩০। ما انزل শব্দের কোন ধরনের مد হয়েছে?
ক) مد متصل খ) مد منفصل গ) مد لين ঘ) مدبدل

বায়তুশ শরফ আদর্শ কামিল (অনার্স-মাস্টার্স) মাদ্‌রাসা

নির্বাচনী পরীক্ষা-২০২১

শ্রেণি ঃ দাখিল ১০ম

বিষয় ঃ কুরআন মাজিদ ও তাজভীদ

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল অংশ — পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সূরা আল বাকারা হতে তিনটি, আলে ইমরান হতে দুটি, নির্বাচিত বিষয়সমূহ থেকে একটি এবং তাজভীদ অংশ হতে একটিসহ মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে]

সূরা আল বাকারা

১। রাশেদ ও কামাল দুই বন্ধু। দু'জনই বড় ব্যবসায়ী। কথা প্রসঙ্গে একদিন কামাল বলল, আমরা তো মুসলমান। আমাদের নবি হলেন মুহাম্মদ (স.)। আমরা কেবল তাঁর প্রতি ইমান আনবো এবং তাঁর উপর অবতীর্ণ গ্রন্থ পবিত্র কুরআনকেই ধর্মগ্রন্থ হিসেবে মানবো। ইয়াহুদি-নাছারাসহ অন্য ধর্মের নবিদের উপর আমরা কেন ইমান আনবো? একথা শুনে রাশেদ বলল, আমি সব নবিদের উপরই সমানভাবে ইমান রাখি। বছর শেষে জাকাত দেওয়ার সময় হলে রাশেদ তাঁর অধিকারভুক্ত সম্পদের যাকাত দিতে অস্বীকার করে। কামাল এ বিষয়ে তাকে প্রশ্ন করলে রাশেদ বলে-ভাই, যাকাত দিলে তো সম্পদ কমে যাবে।

ক) ذٰلِكَ الكتاب لاريب فيه এর অর্থ লেখ। ১

খ) ختم الله على قلوبهم وعلى سمعهم এর ব্যাখ্যা কর। ২

গ) পবিত্র কুরআন সুন্নাহর আলোকে কামালের মতামত ব্যাখ্যা কর। ৩

ঘ) পবিত্র কুরআনের আলোকে রাশেদের চরিত্র বিশ্লেষণ কর। ৪

২। তামান্না বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করে। পড়াশুনার ফাঁকে সে ধর্মগ্রন্থ আল-কুরআন চর্চা করে। একদা সে তার বান্ধবী পিয়ার সাথে কুরআনের মর্যাদা ও বিস্ময়কর বিষয়াবলি নিয়ে আলোচনা করছিল। আলোচনা শুনে খাদিজা বলল, কুরআন তো প্রায় দুই হাজার বছর পূর্বেকার পুরাতন ধর্মগ্রন্থ। আজকের এই আধুনিক বিজ্ঞানের যুগে উহার সকল বিধান যুগোপযোগী নয়। প্রতিউত্তরে তামান্না বলল, কুরআন সকল বিদান সবসময় যুযোপযোগী এবং পৃথিবী শেষ দিন পর্যন্ত এই বিধানাবলি সকলের শীর্ষে থাকবে। সকল প্রকার ত্রুটি ও সন্দেহের উর্ধ্বে এ গ্রন্থ।

ক) ختم শব্দের অর্থ কী? ১

খ) قال إنى اعلم ما لا تعلمون আয়াতের ব্যাখ্যা কর। ২

গ) খাদিজার বক্তব্যের সাথে তুমি কি একমত? পবিত্র কুরআনের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) পবিত্র কুরআনের আলোকে তামান্নার বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৩। দৃশ্যপট-১ : নজর আলী দীর্ঘদিন বিদেশে থাকার পর অনেক টাকা-পয়সা উপার্জন করে বাড়ি ফিরে আসলেন। তিনি এলাকার মুরুব্বীদের সাথে পরামর্শ করে একটি মসজিদ নির্মানের সিদ্ধান্ত নিলেন।ঠ মসজিদ নির্মাণ শেষে তিনি একটি দোয়া অনুষ্ঠানের আয়োজন করেন। দোয়া করতে গিয়ে রমজান মিয়া আল্লাহর কাছে মোনাজাতে বলেন-"আয়-আল্লাহ! তুমি আমাদের এই মসজিদকে কবুল কর এবং এহেন নেক আমলের উসিলায় আমাকে এবং আমার বংশধরগণকেও মুসলিম হিসেবে গ্রহণ কর।"

দৃশ্যপট-২ : নজর আলী একজন প্রভাবশালী ব্যক্তি । তার নিকটাত্মীয় ব্যক্তি সন্ত্রাসী কর্মকান্ডে লিপ্ত হওয়ায় মামলার শিকার হয়। ফলে, সে মামলা থেকে বাঁচার জন্য নজর আলীর সুপারিশ কামনা করে এবং অর্থের বিনিময়ে হলেও তাকে মামলা থেকে মুক্তির ব্যবস্থা করে দিতে বলে। তখন নজর আলী বলেন "তুমি তো মহান আল্লাহর আদালতে বাঁচতে পারবে না। সুতরাং আমার কাছে এসে লাভ কী?

ক) القواعد শব্দের অর্থ কী? ১

খ) ব্যাখ্যা কর : واتخذوا من مقام ابراهيم مصلى ২

গ) রমজান মিয়ার কর্ম কুরআনে বর্ণিত কোন নবির কাজকে স্বরণ করিয়ে দেয়? পবিত্র কুরআনের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) নজর আলী মন্তব্যের যথার্থতা পবিত্র কুরআনের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। মিজান গ্রামের এক প্রভাবশালী যুবক। সে তার স্ত্রীকে খুব ভালোবাসে। কিন্তু মাঝে মাঝে তাদের মধ্যে সমান্যতম বিষয়ে ঝগড়া বিবাদ হয়। একদিন ঝগড়ার সময় রাগান্বিত হয়ে সে তার স্ত্রীকে বলল, আমি তোমাকে তিন তালাক দিলাম। রাগ থামার পর সে অনুশোচনা করল। বিষয়টি ইমাম সাহেবকে জানালে ইমাম সাহেব বললেন, আপনি এখন ঘর সংসার করতে পারবেন না। তিনি এ বিষয়ে নিম্নোক্ত কুরআনের আয়াতটি তেলাওয়াত করলেন-

الطَّلَاقُ مَرَّتَانِ فَإِمْسَاكٌ بِمَعْرُوفٍ أَوْ تَسْرِيحٌ بِإِحْسَانٍ وَلَا يَحِلُّ لَكُمْ أَنْ تَأْخُذُوا مِمَّا آتَيْتُمُوهُنَّ شَيْئًا إِلَّا
أَنْ يَخَافَا أَلَّا يُقِيمَا حُدُودَ اللَّهِ فَإِنْ خِفْتُمْ أَلَّا يُقِيمَا حُدُودَ اللَّهِ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا فِيمَا افْتَدَتْ بِهِ تِلْكَ حُدُودُ
اللَّهِ فَلَا تَعْتَدُوهَا وَمَنْ يَتَعَدَّ حُدُودَ اللَّهِ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ

ক) واذكروا نعمت الله এর অনুবাদ কর। ১

খ) উদ্দীপকে বর্ণিত আয়াতের বঙ্গানুবাদ কর। ২

গ) উদ্দীপকের আয়াতে কারিমা থেকে তিনটি শিক্ষা খুঁজে বের কর। ৩

ঘ) তুমি কি ইমাম সাহেবের বক্তব্যকে সমর্থন কর? তোমার মতের পক্ষে শরয়ি দলিল দাও। ৪

সূরা আলে ইমরান

৫। একদা খালেদ মাদ্‌রাসায় গিয়ে কুরআনের শিক্ষককে বললেন, হুজুর الم অর্থ কী? হুজুর বললেন, এই আয়াতটি মুতাশাবিহাত এর অন্তর্ভূক্ত । এর অর্থ আল্লাহ ছাড়া কেউ জানেনা, তখন খালেদ বলল, কিন্তু আমাদের পাশের বাসার করিম বয়াতি চাচা তো দাবি করেন যে, তিনি এ আয়াতের অর্থ জানেন। যদিও কোনো মাওলানা এর অর্থ জানে না। তখন হুজুর নিম্নোক্ত আয়াতটি তেলাওয়াত করলেন-

هُوَ الَّذِيَ أَنزَلَ عَلَيْكَ الْكِتَابَ مِنْهُ آيَاتٌ مُّحْكَمَاتٌ هُنَّ أُمُّ الْكِتَابِ وَأُخَرُ مُتَشَابِهَاتٌ فَأَمَّا الَّذِينَ
فِي قُلُوبِهِمْ زَيْغٌ فَيَتَّبِعُونَ مَا تَشَابَهَ مِنْهُ ابْتِغَاء الْفِتْنَةِ وَابْتِغَاء تَأْوِيلِهِ وَمَا يَعْلَمُ تَأْوِيلَهُ إِلاَّ اللّهُ
وَالرَّاسِخُونَ فِي الْعِلْمِ يَقُولُونَ آمَنَّا بِهِ كُلٌّ مِّنْ عِندِ رَبِّنَا وَمَا يَذَّكَّرُ إِلاَّ أُوْلُواْ الألْبَابِ

ক) ام الكتاب অর্থ কী? ১

খ) উদ্দীপকে বর্ণিত আয়াতটি বঙ্গানুবাদ কর। ২

গ) কুরআনের দৃষ্টিতে বয়াতি চাচা কেমন লোক? বর্ণনা কর। ৩

ঘ) কুরআন ও হাদিসের দৃষ্টিতে হুজুরের মন্তব্যের যথার্থতা যাচাই কর। ৪

৬। রসুলপুর গ্রামের মাতব্বর একদা গ্রামের সকল লোকজনকে ডেকে বললেন, হে গ্রামবাসী তোমরা একতাবদ্ধ হয়ে থাক। কেননা, অনৈক্য তোমাদেরকে দুর্বল করে দেবে। সকলে বলল, জি হ্যাঁ আমরা একতাবদ্ধ হয়ে থাকব। কিন্তু কিছুদিন যেতে না যেতেই তারা মাতব্বরের উপদেশ ভুলে গেল। তখন জুমার দিনে ইমাম সাহেব পুনরায় একতাবদ্ধ থাকার গুরুত্ব নিয়ে আলোচনা করলেন। তিনি তেলাওয়াত করলেন-

وَاعْتَصِمُواْ بِحَبْلِ اللّهِ جَمِيعًا وَلاَ تَفَرَّقُواْ وَاذْكُرُواْ نِعْمَةَ اللّهِ عَلَيْكُمْ إِذْ كُنتُمْ أَعْدَاء فَأَلَّفَ
بَيْنَ قُلُوبِكُمْ فَأَصْبَحْتُم بِنِعْمَتِهِ إِخْوَانًا وَكُنتُمْ عَلَىَ شَفَا حُفْرَةٍ مِّنَ النَّارِ فَأَنقَذَكُم مِّنْهَا كَذَلِكَ
يُبَيِّنُ اللّهُ لَكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَهْتَدُونَ

ক) واعتَصموا এর বাব কী? ১

খ) বর্ণিত আয়াতটির ব্যাখ্যামূলক অনুবাদ কর। ২

গ) কুরআনের আলোকে মাতব্বরের কর্মকান্ড মূল্যায়ন কর। ৩

ঘ) ইমাম সাহেবের উপদেশ গ্রামবাসীর ক্ষেত্রে কতটুকু কার্যকর বলে তুমি মনে কর? আলোচনা কর। ৪

৭। একদা জুমার বয়ানে জনৈক খতিব বলেন, যারা সরকারি কর্মকর্তা তারা জনগণের সম্পদের রক্ষক এবং আমানতদার। সরকারি সম্পদ যথাযথভাবে ব্যয় করা তাদের কর্তব্য। এ থেকে অবৈধভাবে সামান্য পরিমাণ চুরি করাও খেয়ানত। যারা জনগনের সম্পদ চুরি করবে কেয়ামতে তাদেরকে লজ্জা দেওয়ার জন্য সম্পদসহ হাজির করা হবে। যেমন, বদর যুদ্ধের গনিমতের মাল হতে একটি চাদর হারিয়ে যাওয়ার ঘটনাকে কেন্দ্র করে নাজিল হয়-

وَمَا كَانَ لِنَبِيٍّ أَن يَغُلَّ وَمَن يَغْلُلْ يَأْتِ بِمَا غَلَّ يَوْمَ الْقِيَامَةِ ثُمَّ تُوَفَّى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لاَ يُظْلَمُونَ

ক) يغل এর অর্থ কী? ১

খ) উদ্দিপকে বর্ণিত আয়াতের ব্যাখ্যা মূলক অনুবাদ কর। ২

গ) খতিব সাহেবের আলোচনার সাথে তার তেলাওয়াতকৃত আয়াতের সাদৃশ্য দেখাও। ৩

ঘ) খতিব সাহেবের বক্তব্য আমাদের দেশের দুর্নীতিবাজ, সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের চরিত্র সংশোধনে কতটুকু ভূমিকা রাখবে? তোমার পরামর্শ দাও। ৪

নির্বাচিত বিষয়সমূহ

৮। দিনেশ ও গনেশ অমুসলিম থাকাবস্থায় সুদি কারবার করতো। ইসলাম গ্রহণের পর দিনেশ গণেশের নিকট প্রাপ্য সুদ চাইলে গনেশ অমুসলিম অবস্থার সুদ দিতে অস্বীকার করে। এতে দুজনের মধ্যে ঝগড়া বাধলে তারা এলাকার চেয়ারম্যানের নিকট বিচার চায়। চেয়ারম্যান সাহেব এর সমাধানের জন্য মাওলানা আবু বকর ছিদ্দিকের নিকট গেলে তিনি তেলাওয়াত করলেন-

ايها الذين امنوا اتقوا الله وذروا ما بقى من الربا

ক) ربا এর শাব্দিক অর্থ কী? ১

খ) ربا বা সুদ কাকে বলে? ২

গ) উদ্দীপকের বর্ণিত ঘটনার সাথে কোন ঘটনার মিল আছে? তোমার পাঠ্য পুস্তকের আলোক বর্ণনা কর। ৩

ঘ) শরিয়া অনুযায়ী সমাধানের জন্য চেয়ারম্যান কাজটি মূল্যায়ন কর। ৪

৯। আব্দুল্লাহ উচ্চশিক্ষা লাভের উদ্দেশ্যে বিদেশী একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়। সেখানে যোশেফ নামে একজন খ্রিষ্টান ছাত্রের সাথে তার বন্ধুত্ব হয়। আব্দুল্লাহ ইসলাম ধর্মের বিধি-বিধান নিয়মিত যথাযথভাবে পালন করে। তা দেখে যোশেফ বলে- ইসলাম ধর্ম পালন নিরর্থক। কারণ খ্রিষ্টান ধর্ম হচ্ছে শ্রেষ্ঠ ধর্ম এবং একমাত্র খ্রিষ্টানরাই পরকালে জান্নাতে যাবে। অপরদিকে, শরাফত আলী একজন উচ্চশিক্ষিত যুবক। ধর্ম পালনে তার কোনো আগ্রহ নেই। অর্থ ছাড়া সে কিছুই বোঝে না। অধিক অর্থ লাভের জন্যে সে বিদেশ পাড়ি দেয় এবং সেখানে সে সুদভিত্তিক একটি ক্ষুদ্রঋণ প্রকল্পের প্রসার ঘটায়।

ক) ادخلوا فى السلم كافة আয়াতাংশের অনুবাদ কর। ১

খ) ان الله على كل شئ قدير এর ব্যাখ্যা কর। ২

গ) যোশেফের বক্তব্যের সাথে তুমি কি একমত? পবিত্র কুরআনের আয়াত উল্লেখপূর্বক তোমার মতামত ব্যাখ্যা কর। ৩

ঘ) শরাফত আলীর কৃতকর্মের কুফল কুরআন-সুন্নাহের আলোকে বিশ্লেষণ কর। ৪

তাজভীদ

১০। মাওলানা ইসহাক একদা রমজান মাসে তারাবিহ পড়তে মসজিদে গিয়ে শুনলেন, হাফেজ সাহেব খুব দ্রুত কুরআন তেলাওয়াত করছেন। নামাজ শেষে তিনি হাফেজ সাহেবকে বললেন, হাফেজ সাহেব! এভাবে নামাজে কুরআন মাজিদ পড়াতে সাওয়াবের পরিবর্তে গোনাহ হওয়ার সম্ভাবনাই বেশি।

ক) مد শব্দের অর্থ কী? ১

খ) তারতিল কাকে বলে? ২

গ) দ্রুত তেলাওয়াতের কারণে হাফেজ সাহেবের কী কী ভুল হতে পারে? আলোচনার কর। ৩

ঘ) তুমি কি মাওলানা সাহেবের মন্তব্যের সাথে একমত? তোমার মতামত যুক্তিসহ পেশ কর। ৪

১১। মসজিদের নির্ধারিত ইমাম সাহেব অনুপস্থিত থাকায় ফজরের জামাতে স্বল্প শিক্ষিত মুয়াজ্জিন আব্দুল কাদের ইমামতি করল। কিরাত পাঠের সময় সে প্রত্যেকটি হরফ টেনে টেনে ও স্পষ্ট করে পড়ল। জামাতে বিলম্বে উপস্থিত মাওলানা হাতেম আলী নামাজ শেষে মুয়াজ্জিনকে বললেন, " এভাবে তেলাওয়াতের মাধ্যমে নামাজ আদায় করলে উহা সঠিক হয় না। পরামর্শ শুনে মুয়াজ্জিন বলল, "এতটুকু ভুলে নামাজের ক্ষতি হয় না। "

ক)অনুবাদ কর: ورتل القرآن ترتيلا ১

খ) ব্যাখ্যা কর : من لم يجود القرآن اثم ২

গ) মুয়াজ্জি আব্দুল কাদিরের মন্তব্যের সাথে তুমি কি একমত? সঠিক মতের পক্ষে দলিল দাও। ৩

ঘ) মাওলানা হাতেম আলীর বক্তব্য ইলমে তাজভিদের আলোকে বিশ্লেষণ কর। ৪